

কানাডার প্রতি কড়া প্রতিবাদ জানিয়েছে ভারত

26 মার্চ, 2023

এই সপ্তাহে কানাডায় আমাদের কূটনৈতিক মিশন এবং কনসুলেটগুলির বিরুদ্ধে বিচ্ছিন্নতাবাদী এবং চরমপন্থী গোষ্ঠিগুলির কর্মকাণ্ড সম্পর্কে ভারতের তরফ থেকে দৃঢ় উদ্বেগ জানাতে কানাডার হাই কমিশনারকে গতকাল তলব করা হয়েছিল।

পুলিশের উপস্থিতিতে আমাদের কূটনৈতিক মিশন এবং কনসুলেটের নিরাপত্তা লঙ্ঘন করতে, এই গোষ্ঠিগুলিকে কীভাবে অনুমতি দেওয়া হয়েছিল সে ব্যাপারে ব্যাখ্যা চেয়েছে ভারত সরকার।

এদিন কানাডা সরকারকে ভিয়েনা কনভেনশনের অধীনে তাদের বাধ্যবাধকতার কথা মনে করিয়ে দেওয়া হয়েছে, এবং যারা এই ধরনের কর্মকাণ্ডের সাথে জড়িত বলে চিহ্নিত করা হয়েছে তাদের গ্রেফতার ও বিচার করার কথাও জানানো হয়েছে।

আশা করা হচ্ছে যে কানাডিয়ান সরকার আমাদের কূটনীতিকদের নিরাপত্তা এবং আমাদের কূটনৈতিক প্রাঙ্গণের নিরাপত্তা নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় সমস্ত পদক্ষেপ নেবে যাতে তারা তাদের স্বাভাবিক কূটনৈতিক কার্য সম্পাদন করতে সক্ষম হন।

নয়া দিল্লি

26 মার্চ, 2023